দৈনিক
জনকণ্ঠ

তারিখ 17 SEP 2017
পৃষ্ঠা ৮ কলাম ৭

# বরিশালের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান সরকারী হয়নি আজও

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** দক্ষিণাঞ্চলের প্রতাবশালী জমিদার মোহন লাল সাহা প্রতিষ্ঠিত জেলার গৌরনদী উপজেলার প্রাচীনতম শিক্ষা প্রতিষ্ঠান পালরদী মডেল মাধ্যমিক বিদ্যালয়টি আজও সরকারীকরণ করা হয়নি। ফলে শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী ও স্থানীয়দের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। রবিবার সকাল দশটায় ঐতিহ্যবাহী এ শিক্ষা প্রতিষ্ঠানটি সরকারীকরণের দাবিতে গৌরনদীবাসীর ব্যানারে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

সূত্রমতে, ১৯৩৫ সালে জমিদার মোহন লাল সাহা পালরদী মাধ্যমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। শুরু থেকেই এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা প্রতিবছর কৃতিত্ব অর্জন করে আসছে। এসএসসি ও জেএসসির ফলাফল বিবেচনায় জেলার মধ্যে এ প্রতিষ্ঠানটি বরাবরেই সুনাম অর্জন করে আসছে। অতীতে যশোর বোর্ডের মধ্যে এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা একাধিকবার প্রথমস্থান অধিকার করেছে। তারই ধারাবাহিকতায় এখনও মাধ্যমিক পরীক্ষায় গৌরনদীসহ পার্শ্ববর্তী উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানেরগুলোর মধ্যে এ বিদ্যালয়ের শিক্ষার্থীরা জিপিএ-৫ এবং পাসের তালিকায় সবার ওপরে রয়েছে। যে কারণে প্রতিবছর ভর্তির সময় বিভিন্ন উপজেলার অভিভাবকরা তাদের সন্তানদের মেধা বৃদ্ধির জন্য এ বিদ্যালয়ে ভর্তি করিয়ে থাকেন। তারই ধারাবাহিকতায় ১৯৮৮ সালে তৎকালীন খুলনা বিভাগের (বর্তমান খুলনা ও বরিশাল বিভাগ মিলে) শ্রেষ্ঠ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এ বিদ্যালয়টি নির্বাচিত হয়। জীবনের শেষপ্রান্ত পর্যন্ত এ বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে গুরু দায়িত্ব পালন করেছেন তৎকালীন যশোর বোর্ডের মধ্যে একমাত্র বেসিক ইংরেজী বইয়ের লেখক মহারাজ মণ্ডল। বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন রাষ্ট্রের গুরুতরপূর্ণ পদে রয়েছেন মহারাজ মণ্ডলের ছাত্ররা। সূত্রে আরও জানা গেছে, বর্তমান সরকার ২০০৮ সালে প্রতিটি উপজেলায় একটি করে মডেল মাধ্যমিক বিদ্যালয় ঘোষণা করার পর একনামে পালরদী মাধ্যমিক বিদ্যালয়কে মডেল হিসেবে ঘোষণা করা হয়। এরই মধ্যে ২০১২ সালে স্থানীয় সংসদ সদস্য আবুল হাসানাত আব্দুল্লাহর একান্ত প্রচেষ্টায় বিদ্যালয়টিকে পালরদী মডেল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে রূপান্তর করা হয়েছে। এ বিদ্যালয়ে বর্তমানে মাধ্যমিকে ১৭শ' ছাত্রছাত্রী এবং উচ্চ মাধ্যমিকে ৪০০ শিক্ষার্থী রয়েছে। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা জানান, শুধু শিক্ষা নয়, সাহিত্য-সংস্কৃতিসহ সবক্ষেত্রেই পালরদী মাধ্যমিক বিদ্যালয়ের সুনাম গোটা দক্ষিণাঞ্চল জুড়ে। তারা আরও জানান, সারাদেশের মডেল মাধ্যমিক বিদ্যালয়গুলোকে সরকারী ঘোষণা করা হলেও আজও পালরদী মডেল মাধ্যমিক বিদ্যালয়কে সরকারী ঘোষণা করা হয়নি। ঐতিহ্যবাহী এ বিদ্যাপীঠকে জরুরীভিত্তিতে সরকারীকরণের জন্য গৌরনদীবাসী প্রধানমন্ত্রীসহ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তাদের কাছে জোর দাবি জানিয়েছেন।

প্রাপ্তি নং.....................
তারিখ.....................
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর